

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
পাংশা, রাজবাড়ী।

প্রাথমিক শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব জালাল উদ্দিন বিশ্বাস, উপজেলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।  
সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।  
সভার তারিখ : ২২/০৪/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর শিক্ষা অফিসার ও সদস্য সচিব কে পাংশা উপজেলার প্রাথমিক শিক্ষার উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

উপজেলা শিক্ষা অফিসার, পাংশা জানান যে, বিদ্যালয়ের কমিটি গঠনের কাজ চলছে। দপ্তরী কাম প্রহরী নিয়োগ প্রক্রিয়া কার্যক্রম চলমান রয়েছে এবং বটগাছিয়াকান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ০১ শিক্ষক পদায়ন করা হয়েছে। তাছাড়া বাবুপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন দোকানে নিয়মিত সিডি চালানোর ফলে বিদ্যালয়ে কোমলমতি ছাত্র-ছাত্রীদের স্কুলে ধরে রাখা যাচ্ছে না তারা স্মারাদিন সিডির দোকানে চলে যাচ্ছে বিধায় সিডি'র দোকানটিকে উচ্ছেদ করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। এছাড়াও উপজেলা শিক্ষা অফিসের যাওয়ার রাস্তাটি পাকা করে দেয়া এবং শিক্ষা অফিস সংলগ্ন একটি সোলার লাইট প্রদানের জন্য তিনি ধন্যবাদ জানান। তাছাড়া যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যালয় নাই ঐ সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যালয়ে বিদ্যুৎ নামানোর জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষার গুণগত মান বৃদ্ধি কল্পে নিয়মিত স্কুল পরিদর্শন অব্যাহত রাখা এবং বিধি বিধি মোতাবেক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(জালাল উদ্দিন বিশ্বাস)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, পাংশা।

তারিখঃ ২২/০৪/২০২২

স্মারক নং-প্রাথমিক শিক্ষা/পাংশা/২০২২- ২৭২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, পাংশা, রাজবাড়ী।



উপজেলার শিক্ষা অফিসার  
পাংশা, রাজবাড়ী।